প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

| প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির তালিকা |
|---|
| জেলার নাম: **মানিকগঞ্জ** |
| সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির সংখ্যা: **০৪ টি (আগস্ট ২০২৪ পর্যন্ত)** |

| ক্রম | প্রত্নস্থল / পুরাকীর্তি | আলোকচিত্র | অবস্থান | জিও কো- অর্ডিনেট | প্রজ্ঞাপন/গেজেট | সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | বালিয়াটি প্রাসাদ |  | সাটুরিয়া | ২৩°৫৯'৪১.০"উ.<br>৯০°০২'৩২.৫"পূ. | বাংলাদেশ গেজেট<br>০২ এপ্রিল, ১৯৮৭ | বালিয়াটি গ্রামের নাম থেকে 'বালিয়াটি প্রাসাদ' নামকরণ হয়ে থাকতে পারে। বালিয়াটি চৌধুরী পরিবারের প্রতিষ্ঠাতার নাম গোবিন্দ রাম সাহা। তিনি খ্রি. ১৮ শতকের শেষ দিকে লবণের ব্যবসা করতেন এবং তার চার সন্তান ছিল। তাদের নাম দধি রাম, আনন্দ রাম, পণ্ডিত রাম ও গোলাপ রাম। দধি রামের দুই সন্তান ছিল। তাদের উত্তরসূরিরা পূর্ববাড়ি ও পশ্চিমবাড়ি প্রতিষ্ঠা করেছিল। এ বিশাল ৪টি প্রাসাদ ভবনের পিছনে রয়েছে ৪টি বিশালাকৃতির পৃথক অন্দর মহল ভবনগুলোতে ছোট-বড় ২০০টি কক্ষ আছে। ইমারতগুলো উচুঁ প্রাচীর বেষ্টিত এবং দক্ষিণ প্রাচীরে ৪টি সিংহ দরজা আছে। |
| ২. | মাচাইন শাহী জামে মসজিদ |  | হরিরামপুর<br>গ্রাম: মাচাইন | - | বাংলাদেশ গেজেট<br>১৩ অক্টোবর, ২০০৫<br>(১ম খণ্ড, পৃষ্ঠা-১০২৩) | মসজিদের শিলালিপি অনুযায়ী ১৫০১ খ্রিস্টাব্দে বাংলা বিখ্যাত সুলতান হোসেন শাহ এর রাজত্বকালে মাচাইন শাহী জামে মসজিদ নির্মিত। আয়তাকার ভূমি পরিকল্পনায় নির্মিত মাচাইন শাহী মসজিদ তিনগম্বুজ বিশিষ্ট। মসজিদের পশ্চিম দেয়ালে তিনটি মিহরাব আছে। পূর্ব দেয়ালে খিলানে তিনটি প্রবেশ পথ রয়েছে। এছাড়াও উত্তর দক্ষিণে একটি করে দুটি প্রবেশ পথ আছে। বর্তমানে স্থানীয়রা মসজিদটিকে পূর্ব দিক বর্ধিত করেছে। |
| ৩. | জাতীয় কবি কাজী নজরুল পত্নী প্রমীলার স্মৃতি বিজড়িত তেওতা জমিদার বাড়ীর নবরত্ন মন্দির |  | শিবালয়<br>তেওতা | ২৩°৫১'৩১.০" উ.<br>৮৯°৪৬'৪১.০" পূ. | বাংলাদেশ গেজেটে<br>১৪ জুন, ২০১২<br>(১ম খণ্ড, পৃষ্ঠা-৩০৪) | জাতীয় কবি কাজী নজরুল পত্নী প্রমীলার স্মৃতি বিজড়িত তেওতা জমিদার বাড়ির নিকটে যমুনা নদীর তীরে অবস্থিত নবরত্ন মঠটি অনুসন্ধিৎসু দর্শকদের দৃষ্টি আকর্ষণ করে। এর নির্মাণ কৌশল অনেকটা বৃন্দাবনধামের মঠ মন্দিরগুলোর সাথে তুলনীয়। লোহার পাতের সিঁড়ির বেয়ে মন্দিরটির দোতলা ও তৃতীয় তলায় উঠা যায়। বিগ্রহ কক্ষ প্রদক্ষিণের জন্য মন্দির মধ্যস্থিত বৃত্তাকার প্রদক্ষিণ পথটি বিশেষভাবে উল্লেখযোগ্য। |

| ক্রম | প্রত্নস্থল / পুরাকীর্তি | আলোকচিত্র | অবস্থান | জিও কো- অর্ডিনেট | প্রজ্ঞাপন/গেজেট | সংক্ষিপ্ত বর্ণনা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৪. | **তেওতা জমিদার বাড়ি কমপ্লেক্স (তালপুকুরসহ)** |  | **শিবালয়**<br>গ্রাম: তেওতা | ২৩°৫১'৩১.৪" উ.<br>৮৯°৪৬'৪২.৫" পূ. | বাংলাদেশ গেজেট<br>১০ সেপ্টেম্বর, ২০১৫ (১ম খণ্ড, পৃষ্ঠা-৫৮০) | মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলায় যমুনা নদীর তীরে তেওতা জমিদার বাড়ির কারুকার্যময় পাকা বাসভবন অবস্থিত। উনিশ শতকের প্রথম দিকে বাবু হেম শংকর রায় ও বাবু জয় শংকর রায় তেওতার জমিদার ছিলেন। পাশাপাশি জমিদারদের দু'টি বিশাল অট্টালিকা। তেওতা জমিদার বাড়ি বিদ্রোহ কবি নজরুল ইসলামের পত্নী প্রমীলার জন্মস্থান। |

i